



আসন্ন নির্বাচনে দায়িত্ব পালনে সম্পূর্ণ প্রস্তুত নৌবাহিনী: নৌপ্রধান



সংগৃহীত ছবি

আসন্ন জাতীয় নির্বাচনে অর্পিত সব দায়িত্ব সঠিকভাবে ও পেশাদারিত্বের সঙ্গে পালন করতে নৌবাহিনী সর্বোচ্চ প্রস্তুত রয়েছে বলে জানিয়েছেন নৌবাহিনী প্রধান অ্যাডমিরাল এম নাজমুল হাসান। তিনি বলেন, নির্বাচনী দায়িত্বে নিয়োজিত হওয়ার জন্য প্রায় পাঁচ হাজার নৌসদস্যকে বিশেষভাবে প্রস্তুত করা হয়েছে। রবিবার (৭ ডিসেম্বর) সকালে বাংলাদেশ নেভাল একাডেমিতে মিডশিপম্যান-২০২৩ ব্যাচের প্রশিক্ষণ সমাপনী এবং শীতকালীন রাষ্ট্রপতি কুচকাওয়াজে সালাম গ্রহণ শেষে সাংবাদিকদের তিনি এ বক্তব্য দেন।

নৌপ্রধান বলেন, সমুদ্র সম্পদ রক্ষা, বঙ্গোপসাগরে নিরাপত্তা জোরদার, ব্লু ইকোনমি বাস্তবায়ন এবং দেশের জলসীমা ও গুরুত্বপূর্ণ স্থাপনার নিরাপত্তায় নৌবাহিনী ইতোমধ্যে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখে চলেছে। এসব দায়িত্বের পাশাপাশি নির্বাচনী মাঠেও নৌবাহিনী দক্ষতা ও শৃঙ্খলার পরিচয় দেবে। অনুষ্ঠানে দুই নারীসহ মোট ৩১ জন মিডশিপম্যান তিন বছরের কঠোর সামরিক প্রশিক্ষণ শেষে সাব-লেফটেন্যান্ট হিসেবে কমিশন লাভ করেন। নৌপ্রধান কৃতিত্বপূর্ণ প্রশিক্ষণার্থীদের হাতে পুরস্কার তুলে দেন। এ সময় সেনাবাহিনী, নৌবাহিনী ও বিমানবাহিনীর উর্ধ্বতন কর্মকর্তা, সরকারি কর্মকর্তা, আমন্ত্রিত অতিথি এবং নতুন কমিশনপ্রাপ্ত কর্মকর্তাদের অভিভাবকরা উপস্থিত ছিলেন।